



# ঢাকা কাস্টমস এজেন্টস এসোসিয়েশন

## Dhaka Customs Agents Association

ASSOCIATION BHABAN: 3/C, NEW BAILY ROAD, RAMNA, DHAKA, BANGLADESH, Phone : 02222225942

প্রচার পত্র নং-৭৮/২০২৩

তারিখ : ০৮/০৫/২০২৩ইং

Govt. Reg. No.-2960

### HEAD OFFICE

&

### MAILING ADDRESS

3/C, New Baily Road

Ramna, Dhaka.

Phone: 88 02222225942

PABX: 48312757, 48317328

E-mail: dcaa.2009@gmail.com

Website: www.dcaadhaka.org

### BRANCH OFFICE

#### AIR FREIGHT UNIT OFFICE

C & F Bhaban

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka-1230

#### CUSTOM HOUSE OFFICE

Custom House (1st Floor),

Kurmitola, Dhaka.

Phone: 8901240

#### ASYCUDA WORLD OFFICE

Custom House (G.F)

Hazrat Shahjalal Int'l Airport

Kurmitola, Dhaka.

Phone: 8901242, 8901331

#### ICD KAMALAPUR OFFICE

Custom House, ICD,

Kamalapur, Dhaka-1000

Phone: 58311105, 48311584

#### SAVAR OFFICE

DEPZ Customs Station,

Ganakbari, Savar, Dhaka.

Phone: 996689434

#### ADAMZEE OFFICE

Adamzee EPZ Customs Station

Siddirganj, Narayanganj

#### PANGAON OFFICE

Pangaon Custom House

Pangaon, Keraniganj

Dhaka

বিষয় : টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক সিএন্ডএফ এজেন্ট নিয়োগের টেন্ডারে এসোসিয়েশনের নীতিমালা মেনে দর উদ্ধৃতকরণ প্রসঙ্গে।

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম।

উপরোক্ত বিষয়ে আপনার সদয় জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, অস্বচ্ছ এবং অসুস্থ প্রতিযোগিতা হতে বিরত রাখার জন্য টেন্ডার দাখিলের ব্যাপারে এসোসিয়েশন কর্তৃক কমিশন হার এবং পরিবহণ ভাড়া ও লোডিং/আনলোডিং হার সংক্রান্ত প্রচারপত্র নং- ০৪/২০১৩ তাং ১২/০১/২০১৩ইং জারী করা হয়েছে, যা বর্তমানেও কার্যকর আছে। কিন্তু সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক সিএন্ডএফ এজেন্ট এসোসিয়েশন কর্তৃক নির্ধারিত উক্ত হার অমান্য করে বিভিন্ন সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের আহ্বানকৃত টেন্ডারে অংশগ্রহণ পূর্বক কার্যাদেশ গ্রহণ করে কার্যক্রম পরিচালনা করছেন। ফলে অপরাপর সিএন্ডএফ এজেন্টদের মধ্যে বিরূপ পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। প্রেক্ষিতে, এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের স্বার্থ হুমকির সম্মুখীন, যা কোন ভাবেই মঙ্গলজনক হতে পারে না। এসোসিয়েশনের ভাবমূর্তি রক্ষা তথা সদস্যদের মধ্যে সৌহার্দ্যবোধ বজায় রাখা প্রত্যেক সম্মানিত সদস্যের নৈতিক দায়িত্ব।

সুতরাং, এসোসিয়েশনের সকল সদস্যের মধ্যে সম্প্রীতি ও ঐক্য বজায় রাখার লক্ষ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক আগামীকালের (০৯-০৫-২০২৩ইং) টেন্ডারে সম্মানিত সকল সদস্যবৃন্দকে এসোসিয়েশন কর্তৃক প্রচারিত প্রচারপত্র সমূহ মেনে টেন্ডারে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। অন্যথায় আপনার সিএন্ডএফ কার্যক্রম সম্পাদনে কোন জটিলতার সৃষ্টি হলে অত্র এসোসিয়েশন দায়ী থাকবে না।

আলোচ্য অনুরোধ উপেক্ষা করে কোন সিএন্ডএফ এজেন্ট উক্ত দরপত্রে অংশগ্রহণ করলে তার বিরুদ্ধে গঠনতন্ত্র মোতাবেক প্রয়োজনীয় কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

আপনার বিশ্বস্ত

  
(মোহাম্মদ শাহজাহান)

সাধারণ সম্পাদক (ভারপ্রাপ্ত)